ইত্তেফাক

তারিখ ২৫।৮।৮৩
পৃষ্ঠা ... কলাম ...

113

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# আগামীকাল হইতে ডিগ্রী পরীক্ষা শুরু

আগামীকাল (বৃহস্পতিবার) হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮১ সনের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা শুরু হইবে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ২৫ হাজার ৫ শত।

ঢাকা নগরীতে পরীক্ষার্থীর সংখ্যা ৯ হাজার ৬ শত ৮০ জন।

বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় যে, ডিগ্রী পরীক্ষা পরিচালনা মানের সমতা রক্ষার্থে ১৯৮২ সন হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে মহকুমা পর্যায়ের নীচে কোন পরীক্ষা কেন্দ্র থাকিবে না।